# ক্রমঃ ৮৭ আল-জামিই' ٱلْجَامِعُ

## অর্থ

একত্রকারী, সমবেতকারী

## English

 Aj-Jami'
- The One who gathers the creatures on a day that there is no doubt about, that is the Day of Judgment.
- The Collector, the comprehensive, Gatherer

## ব্যাখ্যা

> ٱلْجَامِعُ । জামি‘উন নাস (মানুষকে সমবেতকারী)।[1] | Al-Jmi | The Gatherer, the Uniter

আল্লাহর আরেকটি নাম হলো তিনি কিয়ামতের দিন মানুষকে হাশরের ময়দানে সমবেতকারী, তিনি তাদের আমল ও রিযিক একত্রকারী। তিনি তাদের ছোট-বড় কোন কিছুই বাদ দেন না, সব কিছুই তিনি গননা করে রাখেন। আগে ও পরে যারাই মারা যাবে তিনি তাঁর পূর্ণ কুদরত, প্রশস্ত ইলমের দ্বারা তাদের সকলকে একত্রিত করবেন।[2]

---

[1] গ্রন্থকার ইবনুল কাইয়্যিম রহ. এ নামটিকে আসমাউল হুসনার অন্তর্ভুক্ত করেছেন। আসলে এটি আল্লাহর কাজের দিকে সম্বন্ধযুক্ত করা নাম। কর্ম বাচক শব্দ থেকে আল্লাহর নাম উৎসারিত হয় না এবং সম্বন্ধযুক্ত নামসমূহ আসমাউল হুসনাও নয়। আল্লাহই অধিক জ্ঞাত।

[2] আত-তাফসীর, ৫/৬২৭।

Source — https://www.hadithbd.com/99namesofallah/detail/?nid=87

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন